

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৮৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

আরবী

أَخْبَرَنَا سَهْلُ بْنُ حَمَّادٍ، حَدَّثَنَا شُعْبَةُ، حَدَّثَنَا بَيَّانٌ، عَنِ الشَّعْبِيِّ، عَنْ قَرْظَةَ بْنِ كَعْبٍ، أَنَّ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، شَيَّعَ الْأَنْصَارَ حِينَ خَرَجُوا مِنَ الْمَدِينَةِ فَقَالَ: «أَتَدْرُونَ لِمَ شَيَّعْتُكُمْ» قُلْنَا: لِحَقِّ الْأَنْصَارِ. قَالَ: «إِنَّكُمْ تَأْتُونَ قَوْمًا تَهْتَزُّ أَلْسِنَتُهُمْ بِالْقُرْآنِ اهْتِزَّازَ النَّخْلِ، فَلَا تَصُدُّوهُمْ بِالْحَدِيثِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَنَا شَرِيكُكُمْ» قَالَ: فَمَا حَدَّثْتُ بِشَيْءٍ وَقَدْ سَمِعْتُ كَمَا سَمِعَ أَصْحَابِي

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

২৮৭. কুরাযাহ ইবনু কা'ব আনসারী হতে বর্ণিত, উমার রাযিয়াল্লাহু আনহু আনসার সাহাবীগণকে বিদায় জানানোর জন্য পিছনে পিছনে চলতে লাগলেন, এরপর যখন তারা মদীনা হতে বাইরে চলে আসলেন, তখন তিনি বললেন: তোমরা জানো কি, কেন আমি তোমাদের পিছনে পিছনে বিদায় জানানোর জন্য এসেছি? আমরা বললাম, আনসারগণের সম্মানে। তিনি বললেন: তোমরা এমন এক সম্প্রদায়ের নিকট উপস্থিত হতে যাচ্ছ যাদের জিহবা কুরআন পাঠের দ্বারা (সর্বদা) আন্দোলিত হবে, যেভাবে খেজুর গাছ আন্দোলিত হতে থাকে। সুতরাং তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর হাদীসের মাধ্যমে তাদেরকে ফিরিয়ে রেখো না, আমি তোমাদের সাথেই আছি।

তিনি বলেন, আমি কোনো বিষয়েই হাদীস বর্ণনা করি না, যদিও আমি তা শুনেছি যেমন আমার সাথীরা শুনেছে।'[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু সা'দ, আত তাবাকাত ৬/২; হাকিম ১/১০২; ইবনু আব্দুল বার, জামি' বায়ানিল ইলম নং ১৬৯১, ১৬৯২; হাকিম বলেন: এ হাদীসের সনদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69598>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন